

অসিত দাস

## কলেজ হয়ে আছি

ঘীরে বহে ডিরোজিও, প্রেসিডেন্সি এখনও কলেজ  
ডেভিড হেরার, রামমোহন রায়, রাখাকান্ত দেব  
ইতিউতি উঁকি মারেন, অহো কী প্রমাদ!  
মাথা ঝেঁড়েন দেওয়াল-গাত্রে প্রসন্ন ঠাকুর—  
কেন বিশ্ববিদ্যালয়ের চিহ্ন কোনোখানে নেই।  
তথাপি লৌহকপাট, দেওয়াল লিখনে  
সতত কালের-চিহ্ন, ভাসিটি ভ্যানিশড।

অলীক কুনট্যরঙ্গ, অনুমান মাত্র করা যায়,  
সার্থশতবর্ষপার কলিকাতা-ভাসিটির থেকে  
এগিয়ে থাকার নিগূঢ় বাসনা মনে  
তাই তো খোলে না কেউ সাবেক এই গহনা-ফলক।

মেঘে মেঘে বেলা বেড়ে দু'শোটি বছর  
দু'হাজার সত্তেরোয় দ্বিশতবার্ষিকী  
ঘটা করে উদযাপন হয়তো-বা হবে,  
এহেন গুঁড়েবা মনে, কিন্তু পরমাদ,  
বিশ্ববিদ্যালয় যেন কোলের বালক।

এই ধন্য ধরাধামে একক, সম্পূর্ণ অর্বাচীন  
তার চেয়ে তো পুরোনোই ভালো, বয়স দু'শোর কাছাকাছি  
এই কলেজ স্ট্রিটে আমরাও কলেজ হয়ে আছি।